## ৫ম উপজেলা পরিষদের শাহরাস্তি উপজেলায় 'আগস্ট-২০২১' মাস ও ২৯তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

তারিখ : ২৩.০৮.২০২১ খ্রিঃ সকাল- ১০.৩০ ঘটিকা।
স্থান : অনলাইনে জুম মিটিংয়ের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শাহরাস্তি, চাঁদপুর।
সভাপতি : জনাব কামরুন্নাহার, প্যানেল চেয়ারম্যান-০১, উপজেলা পরিষদ, শাহরাস্তি, চাঁদপুর।
সভায় উপস্থিত সদস্য/সদস্যাগণের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

জনাব কামরুন্নাহার, প্যানেল চেয়ারম্যান-০১, উপজেলা পরিষদ, শাহরাস্তি, চাঁদপুর এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে মহান আল্লাহ দরবারে শুকরিয়া জ্ঞাপন করা হয়। তিনি সভায় বলেন যে, করোনা ভাইরাস পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি অনুসরনের নিমিত্ত উপজেলা পরিষদের অদ্যকার মাসিক সাধারণ সভা অনলাইনে জুম আইডির মাধ্যমে পরিচালিত হচ্ছে। তিনি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান এবং অত্র উপজেলার সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় ও পাঠকৃত বিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে কোনরূপ পরিবর্তন বা সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর নিম্নরূপ বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | করোনা ভাইরাস সংক্রান্তঃ<br>সভায় মুখ্য নির্বাহী কর্মকর্তা জনাব শিরীন আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি সভায় জানান যে, করোনা (কোভিড-১৯) মহামারি ভাইরাসের ২য় ঢেউ মোকাবেলায় সকলকে সচেতন থাকা এবং স্বাস্থ্য বিধি অনুসরনের জন্য অনুরোধ করেন। স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক স্বাস্থ্য বিধির গাইড লাইন অনুসরণ করে উপজেলা পরিষদের সকল অফিস/দপ্তরের নিয়মিত দাপ্তরিক কর্মকান্ড ও সাধারণ জনগণের সেবায় এবং অতিগুরুত্বপূর্ণ কাজসমূহ সুষ্ঠুভাবে সম্পন্ন করার বিষয়ে সভায় উপস্থিত সকলের প্রতি দৃষ্টি করা হয়। প্রয়োজনের তাগিদে ঘর থেকে বাহির হলে এবং সরকারি কোন সেবা পেতে হলে সকল সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের এবং আগত সেবা প্রার্থী সাধারণ জনগণকেও আবিশ্যিকভাবে সকলকে মাস্ক পড়তে হবে। এ বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্যের নিজ নিজ অধিক্ষেত্রে ব্যাপক প্রচার-প্রচারনার মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করার ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। তাছাড়া সরকারের উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়ন আরো গতিশীল করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) বিস্তারিত আলোচনার পর করোনা ভাইরাস বিস্তার রোধে স্বাস্থ্য মন্ত্রণালয়, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় ও জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ জারীকৃত পরিপত্র অনুসারে স্বাস্থ্য বিধি অনুসরন করে অত্র উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ অফিস/বিভাগ/দপ্তর সমূহ খোলা রাখার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) শাহরাস্তি পৌরসভা ও ০১০টি ইউপিতে মাস্ক পরিধান, সামাজিক দরুত্ব নিশ্চিত করাসহ করোনা ভাইরাসের বিস্তার রোধে জনসচেতনতা সৃষ্টিতে নিজ নিজ অধিক্ষেত্রে মাইকিং, ব্যানার, ফেস্টুন, লিফলেট ইত্যাদি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র, শাহরাস্তি পৌরসভা এবং চেয়ারম্যান, সকল ইউপি, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি।<br><br>মেয়র, শাহরাস্তি পৌরসভা এবং চেয়ারম্যান, সকল ইউপি, শাহরাস্তি। |
| ২. | স্থানীয় সরকার প্রকৌশল (এলজিইডি) বিভাগঃ<br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শাহরাস্তি সভায় বলেন যে, ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় বরাদ্দ অনুযায়ী প্রতিটি ইউপির অনুকূলে জনসংখ্যা ও আয়তন ভিত্তিতে অর্থ বিভাজন করা হবে। সে বরাদ্দকৃত অর্থের বিপরীতে অগ্রাধিকার প্রকল্পের তালিকা প্রেরনের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষন করা হয়।<br><br>তিনি সভায় আরো জানান যে, প্রত্যেকটি ইউপি হতে অগ্রাধিকার প্রকল্পের তালিকা পাওয়ার পর প্রকল্প যাচাই-বাছাই কমিটি'র সভা আহবান করতে হয় এবং উক্ত সভায় অনুমোদিত প্রকল্পের প্রাক্কলন তৈরি করার জন্য প্রত্যেকটি প্রকল্পের সাইট সরেজমিনে পরিদর্শনপূর্বক ব্যবস্থা গ্রহন করতে হয়; যা সময় স্বাপেক্ষ ব্যাপার। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ অগ্রাধিকার প্রকল্পের তালিকা দিতে বিলম্ব হলে, প্রকল্পের পরবর্তী কার্যক্রমও ব্যাহত হয়। তাছাড়া প্রায়শই দেখা যাচ্ছে যে, প্রকল্পের প্রাক্কলন তৈরি করার পরও পিআইসি প্রকল্পের কাজ বাস্তবায়নে বিলম্ব হয়। প্রতিটি অর্থবছরের শেষে তড়িঘড়ি করে পিআইসি প্রকল্পের বিল উপস্থাপন করা হয়। ফলে প্রায়শই কাজের গুনগত মান নিশ্চিত করা অত্যন্ত দুরুহ হয়ে পড়ে। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ নীতিমালা অনুসারে অর্থবছরের শুরুতে প্রত্যেকটি ইউপি এর অনুকূলে জনসংখ্যা (৩৫%), আয়তন(৩৫%), সাধারণ (৩০%) অর্থ বিভাজন করা হয়। উক্ত বিভাজনকৃত অর্থ দ্বারা ক্ষুদ্র ক্ষুদ্র প্রকল্প না দিয়ে যে কোন একটি বা দু'টি দৃশ্যমান ও অধিক জনগুরুত্বপূর্ণ প্রকল্প প্রস্তাব প্রেরনের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষন করা হয়। | (১) বিস্তারিত আলোচনার পর আসন্ন ২০২০-২০২১ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ নীতিমালা এবং সভায় উপস্থাপনকৃত বিভিন্ন নির্দেশনা প্রতিপালন পূর্বক প্রকল্পের অগ্রাধিকার তালিকা প্রস্তুতপূর্বক আগামী ১৫ সেপ্টেম্বর ২০২১খ্রি. তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শাহরাস্তিতে প্রেরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সকল ইউপি চেয়ারম্যান, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।<br><br>(২) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা এর স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.০৫৪.২০১৩-৬২৯; তারিখ: ১৯/০৮/২০১৯খ্রি: মূলে পত্রে উন্নয়ন প্রকল্প গ্রহন ও বাস্তবায়ন সময় সীমা সংক্রান্ত সুস্পষ্ঠ নির্দেশনাসমূহ প্রত্যেকটি ইউপি আবিশ্যিকভাবে অনুসরণ করতে হবে। উপরোক্ত নির্দেশনা সমূহ প্রতিপালনে ব্যর্থ বা বিলম্ব হলে সংশ্লিষ্ট ইউপি এর অনুকূলে চলমান অর্থবছরের বিভাজনকৃত বরাদ্দ বাতিল এবং ভবিষ্যতে অর্থ বরাদ্দের ক্ষেত্রে তাদের অপরাগতা/ব্যর্থতার বিষয়টি বিবেচনা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(৩) উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ নীতিমালা অনুসারে ইউপি চেয়ারম্যানগণ কর্তৃক প্রকল্প প্রস্তাবনা সমূহের সকল প্রাক্কলন ও ডিজাইন আগামী ৩০ নভেম্বর ২০২১খ্রি. এর মধ্যে প্রস্তুত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি।<br><br>চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি।<br><br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শাহরাস্তি। |

| | | | |
|---|---|---|---|
| | | (৪) উপজেলা পরিষদের মোট বরাদ্দের ৩০% অর্থ পিআইসি (প্রকল্প কমিটি) মাধ্যমে প্রকল্পের কাজ বাস্তবায়ন করার নির্দেশনা রয়েছে। সে প্রেক্ষিতে সকল ইউপি কর্তৃক প্রস্তাবিত পিআইসি প্রকল্প সমূহের প্রয়োজনীয়তা এবং বাস্তবায়ন পূর্বক সকল কার্যাদি আগামী জানুয়ারি ২০২১ এর মধ্যে সম্পন্ন করে বিল প্রদানের প্রয়োজনীয় গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। উক্ত কাজে প্রকল্পের প্রস্তাব প্রেরণ এবং কাজ দ্রুততার সাথে সুষ্ঠুভাবে বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যান, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শাহরাস্তি।<br><br>সকল ইউপি চেয়ারম্যান শাহরাস্তি। |
| ৩. | <u>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগঃ</u><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শাহরাস্তি সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার আওতায় টি.আর, কাবিখা, কাবিটা এর নির্বাচনী ও উপজেলা পরিষদ এর আওতায় বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়ার পর ইউপির অনুকূলে জনসংখ্যা ও আয়তন অনুযায়ী অর্থ বিভাজন করা হবে। বিগত বছরের ন্যায় এবারও একই রকম বরাদ্দ প্রাপ্তির সম্ভাবনা ধরেই অগ্রাধিকার প্রকল্প গ্রহনে প্রস্তুতি গ্রহন করার জন্য সকল ইউপি চেয়ারম্যান, শাহরাস্তি মহোদয়গণের দৃষ্টি আকর্ষণ করা হয়।<br><br>তিনি সভায় আরো জানান যে, প্রাকৃতিক দুর্যোগ ও করোনা (কভিড-১৯) ভাইরাসে সৃষ্ঠ পরিস্থিতি মোকাবেলায় জি.আর (নগদ অর্থ) এবং জি.আর খাদ্যশস্য (চাল) বরাদ্দ অনুযায়ী সকল ইউপি'র অনুকূলে বিতরণ করা হয়েছে এবং তা সাধারণ জনগণের মাঝে সুষ্ঠুভাবে শতভাগ বিতরণ নিশ্চিত করা হয়েছে। | (ক) বিস্তারিত আলোচনার পর ২০২১-২০২২ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার আওতায় টি.আর, কাবিখা, কাবিটা এর নির্বাচনী ও উপজেলা পরিষদ এর অনুকূলে বিগত বছরের প্রাপ্ত বরাদ্দকে অনুমান করে অগ্রাধিকার তালিকা প্রস্তুত করার জন্য চেয়ারম্যান সকল ইউপি, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।<br><br>(খ) বিস্তারিত আলোচনার পর প্রাকৃতিক দুর্যোগ ও করোনা (কোভিড-১৯ ভাইরাসে সৃষ্ঠ পরিস্থিতি মোকাবেলায় প্রাপ্ত জি.আর (নগদ অর্থ)/জি.আর (চাল) অত্র উপজেলার অনুকূলে প্রাপ্ত বরাদ্দের আলোকে বিতরণকৃত মাষ্টাররোল অতিদ্রুততার সময়ে সংশ্লিষ্ট অফিসে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য চেয়ারম্যান সকল ইউপি, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। | সকল ইউপি চেয়ারম্যান শাহরাস্তি।<br><br>সকল ইউপি চেয়ারম্যান শাহরাস্তি। |
| ৪. | <u>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ</u><br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শাহরাস্তি সভায় বলেন যে, করোনা (কোভিড-১৯) ভাইরাস পরিস্থিতিতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়মিত চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। করোনার নমুনা সংগ্রহ এবং কোভিড-১৯ টিকা প্রদান কার্যক্রমও সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স শাহরাস্তিতে পর্যাপ্ত পরিমাণে কোভিড-১৯ টিকা মজুদ রয়েছে। সাধারণ জনগণ ১৮ বছরের উর্দ্ধে ব্যক্তিদের রেজিস্ট্রেশন করার মাধ্যমে কোভিড-১৯ টিকা গ্রহন করতে পারবে। তাছাড়া স্বাস্থ্য কমপ্লেক্সে এবং কমিউনিটি ক্লিনিক সমূহ স্বাভাবিক চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) বিস্তারিত আলোচনার পর করোনা (কোভিড-১৯) ভাইরাস সনাক্তকরনে নমুনা সংগ্রহ ও কোভিড-১৯ টীকা প্রদান এবং স্বাভাবিক চিকিৎসা সেবা কার্যক্রম সুষ্ঠু সম্পন্ন করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শাহরাস্তি। |
| ৫. | <u>উপজেলা মৎস্য বিভাগঃ</u><br>উপজেলা মৎস্য অফিসার, শাহরাস্তি সভায় বলেন যে, আগামী ২৮ আগস্ট ২০২১ থেকে ০৩ সেপ্টেম্বর ২০২১ তারিখ পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১খ্রি: উদযাপন করা হবে। জাতীয় কর্মসূচি অনুযায়ী এবং মৎস্য অধিদপ্তর কর্তৃক নির্ধারিত অনুষ্ঠান সমূহের আলোকে মৎস্য সপ্তাহ-২০২১ উদযাপন করা হবে। সাধারণত মাইকিং এর মাধ্যমে মৎস্য সংরক্ষণ আইন এবং মৎস্য চাষে উর্দ্ধুদ্ধ করনের বিষয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহন, মাছের পোনা অবমুক্তকরণ এবং বিভিন্ন সরকারি-বেসরকারি ও এতিমখানা, ধর্মীয় প্রতিষ্ঠানের পুকুরে মাছের পোনা বিতরণ ইত্যাদি কর্মসূচির মাধ্যমে উদযাপন করা হবে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) বিস্তারিত আলোচনার পর আগামী ২৮ আগস্ট ২০২১ থেকে ০৩ সেপ্টেম্বর ২০২১ তারিখ পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১খ্রি: জাতীয় কর্মসূচি অনুযায়ী সুষ্ঠু ও সুন্দর ভাবে উদযাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা মৎস্য অফিসার, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার শাহরাস্তি। |
| ৬. | <u>উপজেলা সমাজসেবা বিভাগঃ</u><br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শাহরাস্তি সভায় বলেন যে, শাহরাস্তি উপজেলায় ২০২০-২০২১ অর্থবছরে সকল ভাতাদি অনলাইনের মাধ্যমে পে রুল প্রদান করা হয়েছে। অত্র উপজেলায় বিভিন্ন ভাতাভোগী ৩৯৮ জন উপকারভোগী অনলাইনে অর্থ উত্তোলন করতে পারেনি। উক্ত ভাতাভোগীর বিভিন্ন সমস্যা ইতিমধ্যে সম্পন্ন করা হয়েছে। | (ক) অত্র উপজেলায় বীর মুক্তিযোদ্ধাগণের ভাতা, বিধবা, বয়স্ক, শিক্ষা ভাতা, প্রতিবন্ধী ইত্যাদি সকল ভাতাদি কার্যক্রম অনলাইনে নগদ একাউন্টের মাধ্যমে বিতরণ কাজ চলমান রাখাসহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শাহরাস্তি কে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর। |
| ৭. | উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ৩৫ ধারা এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৫(গ) এ বর্ণিত উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ প্রতি বছরের ৩০ জুন এর পর উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে জমা করার বিধান রয়েছে। সে প্রেক্ষিতে ২০২০-২০২১ অর্থবছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় বিভিন্ন খাত | বিস্তারিত আলোচনার পর উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে ২০২০-২০২১ অর্থবছরে খাত অনুযায়ী ব্যয়ের পর উদ্বৃত্ত অর্থ মোট- ৭০,০০,০০০/- (সত্তর লক্ষ) টাকা উপজেলা পরিষদ উন্নয়ন জমা তহবিল হিসাব নং- ১৫১৭০০১০১০৬৩১, সোনালী ব্যাংক, শাহরাস্তি শাখা স্থানান্তরের জন্য সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গ্রহন করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি। |

| | | | |
|---|---|---|---|
| | | ফাউন্ডেশন (শিক্ষা ও সামাজিক উন্নয়নমূলক সংগঠন), শাহরাস্তি, চাঁদপুর -১০,০০০/- (দশ হাজার) টাকা মাত্র। | |
| ১০. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)ঃ উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) প্রকল্পের আওতায় ৪র্থ পর্যায়ে বিভিন্ন সরকারি দপ্তরের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি অনুমোদিত হয়েছে। ইতিমধ্যে ০২টি প্রশিক্ষণ উপ-প্রকল্প সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট প্রশিক্ষণ কর্মসূচি দ্রুত সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) বিস্তারিত আলোচনার যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) প্রকল্পের আওতায় ৪র্থ পর্যায়ে অবশিষ্ট ০৪(চার)টি সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ উপ-প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি ও উপজেলা ডেভোলপমেন্ট ফ্যাসিলিটেটর, শাহরাস্তি কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডিও উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটেটর (ইউডিএফ), শাহরাস্তি |

সভাপতি সকল বিভাগের বিভাগীয় কর্মকান্ড যথাযথভাবে করন এবং অদ্যকার সভায় গৃহীত সকল সিদ্ধান্ত যথাযথ বাস্তবায়নের ব্যাপারে সকলকে পরামর্শ প্রদান করেন। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল বিভাগের কাজ সমন্বয় করে আন্তরিকতার সাথে সম্পন্ন করার জন্য উপস্থিত সকলকে পরামর্শ প্রদান করেন। সভাপতি কর্তৃক সভায় গৃহীত সকল সিদ্ধান্ত বাস্তবায়নের আশাবাদ ব্যক্ত করে ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/০৮/২১

কামরুন্নাহার
প্যানেল চেয়ারম্যান-১
উপজেলা পরিষদ,শাহরাস্তি
ও
সভাপতি
উপজেলা মাসিক সাধারণ সমন্বয় কমিটি
শাহরাস্তি, চাঁদপুর।

স্মারক নং- ০০.৪২.০৫৩১.০০০.২১.০০১.২০- (৪০) ৯৮৪

তারিখঃ ২৩.০৮.২০২১

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হ'ল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬৪ নির্বাচনী এলাকা, বাং লাদেশ জাতীয় সংসদ, চাঁদপুর-৫।
২. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম।
৪. জেলা প্রশাসক, চাঁদপুর।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চাঁদপুর।

অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ

১. মেয়র, শাহরাস্তি পৌরসভা, শাহরাস্তি, চাঁদপুর।
২. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাহরাস্তি, চাঁদপুর।
৩. উপজেলা..........................................................কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), শাহরাস্তি, চাঁদপুর।
৪. চেয়ারম্যান,...................................................... ইউনিয়ন, শাহরাস্তি, চাঁদপুর।
৫. জনাব.............................................................
৬. অফিস কপি।

শিরীন আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
শাহরাস্তি, চাঁদপুর।

<table>
<tr>
<td></td>
<td>অনুযায়ী বিধি মোতাবেক ব্যয় করার পর উদ্বৃত্ত অর্থের ব্যাংক হিসাব বিবরণী মোতাবেক বাবদ মোট- ৭০,০০,০০০/- (সত্তর লক্ষ) টাকা উপজেলা পরিষদ উন্নয়ন জমা তহবিলে স্থানান্তরের বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>৮.</td>
<td>২০২০-২০২১ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ মোতাবেক বিভিন্ন খাতে আয় এবং ব্যয় নির্বাহ করা হয়। প্রতি অর্থবছরে শেষে উপজেলা পরিষদের বার্ষিক প্রতিবেদন (আয়-ব্যয় হিসাব) প্রস্তুত করার বিধান রয়েছে। সে প্রেক্ষিতে সদ্য সমাপ্ত ২০২০-২০২১ অর্থবছরে উপজেলা পরিষদের বার্ষিক আর্থিক বিবরণী ও প্রতিবেদন প্রস্তুতপূর্বক সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।</td>
<td>বিস্তারিত আলোচনার পর সভায় উপস্থাপনকৃত ২০২০-২০২১ অর্থবছরে উপজেলা পরিষদের বার্ষিক বিবরণী ও প্রতিবেদন সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি।</td>
</tr>
<tr>
<td>৯.</td>
<td><u>বিবিধ-০১</u><br>উপজেলা পরিষদ কমপ্লেক্সের ভিতরে অবস্থিত গেজেটেড কোয়ার্টার এর ইউনিট-৩ এর বিভিন্ন ধরনের মেরামত যেমন- দেয়ালের প্লাস্টার, ছাদের প্লাস্টার ও নেট ঢালায়করন, রংকরন, টয়লেটের স্যানিটারী মেরামত, বৈদ্যুতিক মেরামত ইত্যাদি সংস্কারের বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td>
<td>ক) বিস্তারিত আলোচনা পর উপজেলা পরিষদ কমপ্লেক্সের ভিতরে অবস্থিত গেজেটেড কোয়ার্টার ইউনিট-৩ এ বিভিন্ন ধরনের জরুরী মেরামত ও সংস্কার পূর্বক ব্যয়সমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি।</td>
</tr>
<tr>
<td></td>
<td><u>বিবিধ-০২</u><br>তিনি সভায় আরো জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা এর স্মারক নং- ৪৫৪; তারিখ: ১৬/০৮/২০২১খ্রি. তারিখ মূলে শাহরাস্তি উপজেলার অনুকূলে ৩,৯৪,০০০/- (তিন লক্ষ চুরানব্বই হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দকৃত অর্থ কোরানা ভাইরাস বিস্তাররোধে জীবানুনাশক ব্লিচিং পাউডার, স্প্রে মেশিন, মাস্ক, হ্যান্ড ওয়াশ, হ্যান্ড স্যানিটাইজার, হ্যান্ড গ্লোবস, পিপিই , থার্মাল স্ক্যানার, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার ইত্যাদি ক্রয় কাজে ব্যবহারের জন্য নির্দেশনা পাওয়া গেছে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। বর্ণিত বরাদ্দের আলোকে নিম্নোক্ত বিভাজন অনুযায়ী প্রকল্প কাজে ব্যয় করার জন্য সভায় উপস্থাপন করা হলো।
<table>
<tr><th>ক্র: নং</th><th>প্রকল্পের নাম</th><th>টাকার পরিমাণ</th></tr>
<tr><td>০১.</td><td>শাহরাস্তি উপজেলার সাধারণ জনগণের মাঝে বিনামূল্যে বিতরণের জন্য মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও হ্যান্ড ওয়াশ ক্রয়।</td><td>১,৯৪,০০০০/-</td></tr>
<tr><td>০২.</td><td>উপজেলা পরিষদের কর্মকর্তা-কর্মচারী এবং জনপ্রতিনিধিদের মাঝে বিনামূল্যে বিতরণের জন্য পালস অক্সিমিটার, থার্মাল স্ক্যানার, এন্টি স্যাপটিক সাবান, মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও হ্যান্ড ওয়াশ ক্রয়।</td><td>২,০০,০০০/-</td></tr>
<tr><td></td><td>মোট =</td><td>৩,৯৪,০০০/-</td></tr>
</table></td>
<td>(ক) বিস্তারিত আলোচনার পর প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী সভায় উপস্থাপিত ০২(দুই)টি প্রকল্প বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। অনুমোদিত ০২(দুই)টি (পিইসি) প্রকল্প বাস্তবায়নের জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হয়ঃ<br><br>ক) শাহরাস্তি উপজেলার সাধারণ জনগণের মাঝে বিনামূল্যে বিতরণের জন্য মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও হ্যান্ড ওয়াশ ক্রয়। (পিআইসি)<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শাহরাস্তি -আহবায়ক<br>উপজেলা শিক্ষা অফিসার, শাহরাস্তি -সদস্য<br>উপজেলা সমবায় কর্মকর্তা, শাহরাস্তি -সদস্য<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা,শাহরাস্তি -সদস্য<br>ভাইস চেয়ারম্যান পুরুষ, উপজেলা পরিষদ, শাহরাস্তি-সদস্য<br>ভাইস চেয়ারম্যান মহিলা,উপজেলা পরিষদ,শাহরাস্তি-সদস্য<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শাহরাস্তি -সদস্য সচিব<br><br>খ) উপজেলা পরিষদের কর্মকর্তা-কর্মচারী এবং জনপ্রতিনিধিদের মাঝে বিনামূল্যে বিতরণের জন্য পালস অক্সিমিটার, থার্মাল স্ক্যানার, এন্টি স্যাপটিক সাবান, মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও হ্যান্ড ওয়াশ ক্রয়। (পিআইসি)<br>উপজেলা সমবায় কর্মকর্তা, শাহরাস্তি - আহবায়ক<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শাহরাস্তি -সদস্য<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শাহরাস্তি -সদস্য<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা,শাহরাস্তি -সদস্য<br>চেয়ারম্যান, মেহের উত্তর ইউপি, শাহরাস্তি -সদস্য<br>চেয়ারম্যান, চিতোষী পূর্ব ইউপি, শাহরাস্তি -সদস্য<br>উপজেলা শিক্ষা অফিসার,শাহরাস্তি -সদস্য সচিব</td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি।<br><br>সংশ্লিষ্ট কমিটি, শাহরাস্তি।<br><br>সংশ্লিষ্ট কমিটি, শাহরাস্তি।</td>
</tr>
<tr>
<td></td>
<td><u>বিবিধ: ০৩</u><br>শাহরাস্তি উপজেলাধীন (১) নুর মোহাম্মদ, সাং-সূচীপাড়া, সূচীপাড়া উত্তর ইউপি, শাহরাস্তি, চাঁদপুর (২) খাদিজা আক্তার, পিতা- বাচ্চু মিয়া, সাং- রায়শ্রী, রায়শ্রী উত্তর ইউপি, শাহরাস্তি, চাঁদপুর করোনা ভাইরাসে সৃষ্ট পরিস্থিতি মোকাবেলায় খাদ্য সংকটসহ অন্যান্য সমস্যা সমাধানের জন্য আর্থিক সাহায্য পাওয়ার জন্য আবেদন করেন। তাছাড়া মো: এমরান হোসেন সাদ্দাম, সাধারণ সম্পাদক, সজাগ ফাউন্ডেশন (শিক্ষা ও সামাজিক উন্নয়নমূলক সংগঠন), শাহরাস্তি, চাঁদপুর করোনা ভাইরাসে সৃষ্ট পরিস্থিতিতে অক্সিজেন সংকটে নিমজ্জিত অসহায় হতদরিদ্র ব্যক্তিদের মাঝে বিনামূল্যে অক্সিজেন সেবা প্রদান করছে। উক্ত সংগঠনের অক্সিজেন সরঞ্জামাদি ক্রয় ও অন্যান্য সেবা প্রদানের জন্য আর্থিক সাহায্য পাওয়ার জন্য আবেদন করেন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td>
<td>(১) বিস্তারিত আলোচনার পর করোনা ভাইরাসে সৃষ্ট পরিস্থিতিতে সংকট মোকাবেলায় উপজেলা পরিষদের হতে আর্থিক সাহায্য প্রদানের নিমিত্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এ ০৩ অনুচ্ছেদ 'ঘ' মোতাবেক অপ্রত্যাশিত খাত হতে বন্যা, ঘূর্ণিঝড় ও প্রাকৃতিক দুর্যোগ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত খাত হতে ব্যয়কৃত অর্থ উত্তোলন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে নিম্নোক্তভাবে সংশ্লিষ্ট উপকার ভোগীর অনুকূলে নির্ধারিত অর্থ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(১) নুর মোহাম্মদ, সাং-সূচীপাড়া, সূচীপাড়া উত্তর ইউপি, শাহরাস্তি, চাঁদপুর- ১০,০০০/- (দশ হাজার) টাকা মাত্র।<br>(২) মো: এমরান হোসেন সাদ্দাম, সাধারণ সম্পাদক, সজাগ</td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি।<br><br>চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি।</td>
</tr>
</table>